গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র জেল সুপারের কার্যালয়
সিলেট কেন্দ্রীয় কারাগার, বাদাঘাট
www.prison.sylhet.gov.bd

স্মারক নং-৫৮.০৪.৯১০০.১৫৬.০৩.০১৭.২০২৪- ৭৯৫৫

তারিখ: ২০ চৈত্র, ১৪৩০ / ০৩ এপ্রিল, ২০২৪

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.১ এর আলোকে নৈতিকতা কমিটির ৪র্থ সভার (এপ্রিল-জুন, ২০২৪) কার্যবিবরণী প্রেরণ।

উর্পযুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.১ এর আলোকে নৈতিকতা কমিটির ৪র্থ সভার (এপ্রিল-জুন, ২০২৪) কার্যবিবরণী এতদসঙ্গে সবিনয়ে প্রেরণ করা হলো।

সংযুক্ত: কার্যবিবরণী -------- ০২ (দুই) ফর্দ।

০৩/০৪/২৪

(হালিমা খাতুন)
বিজে-০১৮৩১০০০৪৯৪
সিনিয়র জেল সুপার
সিলেট কেন্দ্রীয় কারাগার।
Email:jailsylhet@gmail.com

৩/৪/২৪

কারা উপ মহাপরিদর্শক
সিলেট বিভাগ
সদর দপ্তর, সিলেট।

Foysol office file-নৈতিকতা কমিটির সভা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র জেল সুপারে কার্যালয়
সিলেট কেন্দ্রীয় কারাগার, বাদাঘাট।
www.prison.sylhet.gov.bd

**২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.১ এর আলোকে নৈতিকতা কমিটির ৪র্থ সভার (এপ্রিল-জুন) কার্যবিবরণী:**

সভাপতি : জনাব হালিমা খাতুন
সিনিয়র জেল সুপার
সিলেট কেন্দ্রীয় কারাগার

স্থান : সম্মেলন কক্ষ, সিলেট কেন্দ্রীয় কারাগার

তারিখ ও সময় : ০১.০৪.২০২৪, বেলা ১২.০০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তা ও সদস্যদের তালিকা : **পরিশিষ্ট-'ক'**

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.১ এর আলোকে নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হয়েছে। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সকলের অবগতির জন্য আঞ্চলিক ও মাঠপর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ হতে নির্দেশনাসমূহ পাঠ করে শোনান এবং শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির কার্যপরিধির আলোকে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সকল সদস্যের সক্রিয় অংশগ্রহণে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | ১ম কোয়ার্টারের কার্যক্রমসমূহের নাম | আলোচনা/বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | ২০২৩-২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে ০১ (এক) টি করে মোট ০৪ (চার) টি নৈতিকতা কমিটির সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। তদনুযায়ী নৈতিকতা কমিটির ৪র্থ সভা আয়োজন করা হয়েছে। | সভা আয়োজন হওয়া লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | জেলার ও ডেপুটি জেলার, সংস্থাপন শাখা। |
| ২ | ১.২ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা | শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে ০২ (দুই) টি সভা আয়োজনের সূচক থাকায় ১ম ত্রৈমাসিকে ০১ (এক) টি সভা আয়োজন করা হয়েছে এবং ৪র্থ ত্রৈমাসিকে ০১ (এক) টি সভা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে ৪র্থ ত্রৈমাসিকে ০১ (এক) টি সভা আয়োজন করতে হবে। | জেলার ও ডেপুটি জেলার, সংস্থাপন শাখা। |
| ৩ | ১.৩ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভার আয়োজন | ২০২৩-২৪ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ২য়, ৩য় ও ৪র্থ ত্রৈমাসিকে সিলেট কেন্দ্রীয় কারাগারের মোট ৩০০ জন (১০০+১০০+৫০+৫০) কর্মকর্তা-কর্মচারীকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে। | নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করতে হবে। ইতোমধ্যে তিনটি কোয়ার্টারে ২৫০ জন কর্মকর্তা কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চতুর্থ কোয়ার্টারে অবশিষ্ট ৫০ জন কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র জেল সুপার, জেলার ও ডেপুটি জেলার, জনপ্রশাসন শাখা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | ১.৪ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ /পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা/ প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি)। | সংশ্লিষ্ট বিষয়ে ১ম, ২য় ও ৩য় ত্রৈমাসিকে নিম্নোক্ত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। ৪র্থ কোয়ার্টার সভায় নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রাখার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়।<br>১. সিলেট কেন্দ্রীয় কারাগার, বাদাঘাট এর স্টাফদের জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে ০১নং ব্যারাকের নিচ তলায় লাইব্রেরী স্থাপন।<br>২. সিলেট কেন্দ্রীয় কারাগার, বাদাঘাট এর প্রশাসনিক ভবনে স্টাফদের সুবিধার্থে নামাজের স্থান স্থাপন।<br>৩. সিলেট কেন্দ্রীয় কারাগার, বাদাঘাট এর স্টাফদের পরিবারের সাথে ভ্রমণের সুবিধোর্থে স্টাফ রেষ্ট হাউস স্থাপন এবং<br>৪. নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযান পরিচালনা। | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | সিনিয়র জেল সুপার , জেলার, ডেপুটি জেলার সংস্থাপন শাখা ও ভিতর বাহির সর্বপ্রধান কারারক্ষীগণ। |
| **ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার** | | | | |
| ৫ | ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | জাতীয় শুদ্ধাচার পরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী ৩১/০৭/২০২৩ তারিখের মধ্যে ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করার লক্ষ্যমাত্রা ছিল। | নির্ধারিত সময়ের মধ্যে ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | জেলার ও অর্থ শাখা |
| **শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম** | | | | |
| ৬ | ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | জাতীয় শুদ্ধাচার পরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী সেবাগ্রহীতাদের মতামত রেজিষ্টারে সংরক্ষণ করা, সেবার মান সম্পর্কে মতামত দেয়ার জন্য সেবাগ্রহীতাদের উদ্বুদ্ধ করা ও ছক অনুযায়ী রেজিস্টার সংরক্ষণ করার লক্ষ্যমাত্রা রয়েছে। | জাতীয় শুদ্ধাচার পরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী যথাযথভাবে রেজিস্টার সংরক্ষণ করা হচ্ছে এবং তা অব্যাহত রাখতে হবে। | জেলার ও ডেপুটি জেলার, জনপ্রশাসন শাখা |

সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর সকল কার্যক্রম বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন এবং সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৪/২৪

(হালিমা খাতুন)
বিজে-১৮৩১০০০৪৯৪
সিনিয়র জেল সুপার
সিলেট কেন্দ্রীয় কারাগার।
Email:jailsylhet@gmail.com

Foysol office file